গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০১৫.২১.৩৬৬ তারিখ : ১৪ কার্তিক ১৪৩২ / ৩০ অক্টোবর ২০২৫

**বিষয়: ২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাত হতে রবি মৌসুমে বোরো (হাইব্রিড) ধান উৎপাদন বৃদ্ধির জন্য প্রণোদনা কর্মসূচি বাবদ জি.ও জারি।**

সূত্র: ১) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর স্মারক নং - ১২.০১.০০০০.১৬৬.৩৮.০০১.২০.৩২৭০(৩), তারিখ: ২৪-০৯-২০২৫ খ্রি.।
২) কৃষি মন্ত্রণালয় এর স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০১৫.২১.৩৬৫, তারিখ: ৩০-১০-২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, অর্থ বিভাগের অনুমোদনক্রমে ২০২৫-২৬ অর্থবছরে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে প্রণোদনা কর্মসূচির আওতায় রবি মৌসুমে বোরো (হাইব্রিড) ধান উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও অন্যান্য সহায়তা বাবদ ২৭১৪.৭৮০ লক্ষ (সাতাশ কোটি চৌদ্দ লক্ষ আটাত্তর হাজার) টাকা ০২ নং অনুচ্ছেদে কৃষক প্রতি/বিঘাপ্রতি সহায়তার বিবরণ ০৩ নং অনুচ্ছেদে জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন ০৪ নং অনুচ্ছেদে উল্লিখিত বাস্তবায়ন পদ্ধতি, শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। এ প্রণোদনা কর্মসূচির আওতায় কৃষক প্রতি/বিঘাপ্রতি সহায়তার বিবরণ:

| ক্রমিক নং | উপকরণ/খাত | জন প্রতি/বিঘাপ্রতি উপকরণ সহায়তা (কেজি) | একক মূল্য (টাকা) | জন প্রতি/বিঘাপ্রতি ব্যয় (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | বীজ | ২.০০ | ৩৭০.০০ | ৭৪০.০০ |
| ২ | পরিবহন ব্যয় | | ১.৫০ কেজি প্রতি | ৩.০০ |
| ৩ | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | | ১.০০ কেজি প্রতি | ২.০০ |
| | মোট | | | ৭৪৫.০০ |

০৩। এ প্রণোদনা কর্মসূচির জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন (এক নজরে প্রণোদনা কর্মসূচি)

| ক্র: নং | জেলার নাম | উপকারভোগী কৃষকের সংখ্যা | বীজের পরিমান (মে.টন) | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | '৩২৫১১০৯- বীজ ও চারা' | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | |
| | | | | বীজ | পরিবহন ব্যয় | আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় | |
| ১ | ঢাকা | ৬০০ | ১.২০০ | ৪.৪৪০ | ০.০১৮ | ০.০১২ | ০.০৩০ | ৪.৪৭০ |
| ২ | নারায়ণগঞ্জ | ৬০০ | ১.২০০ | ৪.৪৪০ | ০.০১৮ | ০.০১২ | ০.০৩০ | ৪.৪৭০ |
| ৩ | গাজীপুর | ৩০০০ | ৬.০০০ | ২২.২০০ | ০.০৯০ | ০.০৬০ | ০.১৫০ | ২২.৩৫০ |
| ৪ | নরসিংদি | ১২০০ | ২.৪০০ | ৮.৮৮০ | ০.০৩৬ | ০.০২৪ | ০.০৬০ | ৮.৯৪০ |
| ৫ | মুন্সীগঞ্জ | ১০০০ | ২.০০০ | ৭.৪০০ | ০.০৩০ | ০.০২০ | ০.০৫০ | ৭.৪৫০ |
| ৬ | মানিকগঞ্জ | ১০০০ | ২.০০০ | ৭.৪০০ | ০.০৩০ | ০.০২০ | ০.০৫০ | ৭.৪৫০ |
| ৭ | টাংগাইল | ৭০০০ | ১৪.০০০ | ৫১.৮০০ | ০.২১০ | ০.১৪০ | ০.৩৫০ | ৫২.১৫০ |
| ৮ | কিশোরগঞ্জ | ১৩৮০০ | ২৭.৬০০ | ১০২.১২০ | ০.৪১৪ | ০.২৭৬ | ০.৬৯০ | ১০২.৮১০ |
| ৯ | ময়মনসিংহ | ২১৬০০ | ৪৩.২০০ | ১৫৯.৮৪০ | ০.৬৪৮ | ০.৪৩২ | ১.০৮০ | ১৬০.৯২০ |
| ১০ | জামালপুর | ১২০০০ | ২৪.০০০ | ৮৮.৮০০ | ০.৩৬০ | ০.২৪০ | ০.৬০০ | ৮৯.৪০০ |
| ১১ | শেরপুর | ১৫০০০ | ৩০.০০০ | ১১১.০০০ | ০.৪৫০ | ০.৩০০ | ০.৭৫০ | ১১১.৭৫০ |
| ১২ | নেত্রকোনা | ১৭৪০০ | ৩৪.৮০০ | ১২৮.৭৬০ | ০.৫২২ | ০.৩৪৮ | ০.৮৭০ | ১২৯.৬৩০ |
| ১৩ | কুমিল্লা | ১০৮০০ | ২১.৬০০ | ৭৯.৯২০ | ০.৩২৪ | ০.২১৬ | ০.৫৪০ | ৮০.৪৬০ |
| ১৪ | চাঁদপুর | ৩৬০০ | ৭.২০০ | ২৬.৬৪০ | ০.১০৮ | ০.০৭২ | ০.১৮০ | ২৬.৮২০ |
| ১৫ | বি,বাড়িয়া | ২৬০০ | ৫.২০০ | ১৯.২৪০ | ০.০৭৮ | ০.০৫২ | ০.১৩০ | ১৯.৩৭০ |
| ১৬ | সিলেট | ৪৮০০ | ৯.৬০০ | ৩৫.৫২০ | ০.১৪৪ | ০.০৯৬ | ০.২৪০ | ৩৫.৭৬০ |
| ১৭ | মৌলভীবাজার | ২২০০ | ৪.৪০০ | ১৬.২৮০ | ০.০৬৬ | ০.০৪৪ | ০.১১০ | ১৬.৩৯০ |
| ১৮ | হবিগঞ্জ | ১২০০০ | ২৪.০০০ | ৮৮.৮০০ | ০.৩৬০ | ০.২৪০ | ০.৬০০ | ৮৯.৪০০ |
| ১৯ | সুনামগঞ্জ | ১৬০০০ | ৩২.০০০ | ১১৮.৪০০ | ০.৪৮০ | ০.৩২০ | ০.৮০০ | ১১৯.২০০ |
| ২০ | চট্টগ্রাম | ৫৪০০ | ১০.৮০০ | ৩৯.৯৬০ | ০.১৬২ | ০.১০৮ | ০.২৭০ | ৪০.২৩০ |

| ক্র: নং | জেলার নাম | উপকারভোগী কৃষকের সংখ্যা | বীজের পরিমান (মে.টন) | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | '৩২৫১১০৯- বীজ ও চারা' | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | |
| | | | | বীজ | পরিবহন ব্যয় | আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় | |
| ২১ | কক্সবাজার | ৩০০০ | ৬.০০০ | ২২.২০০ | ০.০৯০ | ০.০৬০ | ০.১৫০ | ২২.৩৫০ |
| ২২ | নোয়াখালী | ২১০০০ | ৪২.০০০ | ১৫৫.৪০০ | ০.৬৩০ | ০.৪২০ | ১.০৫০ | ১৫৬.৪৫০ |
| ২৩ | ফেনী | ১৪০০ | ২.৮০০ | ১০.৩৬০ | ০.০৪২ | ০.০২৮ | ০.০৭০ | ১০.৪৩০ |
| ২৪ | লক্ষীপুর | ৪০০০ | ৮.০০০ | ২৯.৬০০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ২৯.৮০০ |
| ২৫ | রাঙ্গামাটি | ১২০০ | ২.৪০০ | ৮.৮৮০ | ০.০৩৬ | ০.০২৪ | ০.০৬০ | ৮.৯৪০ |
| ২৬ | খাগড়াছড়ি | ১৬০০ | ৩.২০০ | ১১.৮৪০ | ০.০৪৮ | ০.০৩২ | ০.০৮০ | ১১.৯২০ |
| ২৭ | বান্দরবান | ৮০০ | ১.৬০০ | ৫.৯২০ | ০.০২৪ | ০.০১৬ | ০.০৪০ | ৫.৯৬০ |
| ২৮ | রাজশাহী | ৮০০ | ১.৬০০ | ৫.৯২০ | ০.০২৪ | ০.০১৬ | ০.০৪০ | ৫.৯৬০ |
| ২৯ | নওগাঁ | ৪৪০০ | ৮.৮০০ | ৩২.৫৬০ | ০.১৩২ | ০.০৮৮ | ০.২২০ | ৩২.৭৮০ |
| ৩০ | নাটোর | ১২০০ | ২.৪০০ | ৮.৮৮০ | ০.০৩৬ | ০.০২৪ | ০.০৬০ | ৮.৯৪০ |
| ৩১ | চাঁপাই নবাবগঞ্জ | ৮০০ | ১.৬০০ | ৫.৯২০ | ০.০২৪ | ০.০১৬ | ০.০৪০ | ৫.৯৬০ |
| ৩২ | বগুড়া | ৪৮০০ | ৯.৬০০ | ৩৫.৫২০ | ০.১৪৪ | ০.০৯৬ | ০.২৪০ | ৩৫.৭৬০ |
| ৩৩ | জয়পুরহাট | ১৮০০ | ৩.৬০০ | ১৩.৩২০ | ০.০৫৪ | ০.০৩৬ | ০.০৯০ | ১৩.৪১০ |
| ৩৪ | পাবনা | ২২০০ | ৪.৪০০ | ১৬.২৮০ | ০.০৬৬ | ০.০৪৪ | ০.১১০ | ১৬.৩৯০ |
| ৩৫ | সিরাজগঞ্জ | ৪০০০ | ৮.০০০ | ২৯.৬০০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ২৯.৮০০ |
| ৩৬ | রংপুর | ১৩৬০০ | ২৭.২০০ | ১০০.৬৪০ | ০.৪০৮ | ০.২৭২ | ০.৬৮০ | ১০১.৩২০ |
| ৩৭ | গাইবান্ধা | ১০৮০০ | ২১.৬০০ | ৭৯.৯২০ | ০.৩২৪ | ০.২১৬ | ০.৫৪০ | ৮০.৪৬০ |
| ৩৮ | কুড়িগ্রাম | ১২৬০০ | ২৫.২০০ | ৯৩.২৪০ | ০.৩৭৮ | ০.২৫২ | ০.৬৩০ | ৯৩.৮৭০ |
| ৩৯ | লালমনিরহাট | ৬৪০০ | ১২.৮০০ | ৪৭.৩৬০ | ০.১৯২ | ০.১২৮ | ০.৩২০ | ৪৭.৬৮০ |
| ৪০ | নীলফামারী | ১১০০০ | ২২.০০০ | ৮১.৪০০ | ০.৩৩০ | ০.২২০ | ০.৫৫০ | ৮১.৯৫০ |
| ৪১ | দিনাজপুর | ৬৬০০ | ১৩.২০০ | ৪৮.৮৪০ | ০.১৯৮ | ০.১৩২ | ০.৩৩০ | ৪৯.১৭০ |
| ৪২ | ঠাকুরগাঁও | ৪০০০ | ৮.০০০ | ২৯.৬০০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ২৯.৮০০ |
| ৪৩ | পঞ্চগড় | ২২০০ | ৪.৪০০ | ১৬.২৮০ | ০.০৬৬ | ০.০৪৪ | ০.১১০ | ১৬.৩৯০ |
| ৪৪ | যশোর | ৬২০০ | ১২.৪০০ | ৪৫.৮৮০ | ০.১৮৬ | ০.১২৪ | ০.৩১০ | ৪৬.১৯০ |
| ৪৫ | ঝিনাইদহ | ২২০০ | ৪.৪০০ | ১৬.২৮০ | ০.০৬৬ | ০.০৪৪ | ০.১১০ | ১৬.৩৯০ |
| ৪৬ | মাগুড়া | ২৪০০ | ৪.৮০০ | ১৭.৭৬০ | ০.০৭২ | ০.০৪৮ | ০.১২০ | ১৭.৮৮০ |
| ৪৭ | কুষ্টিয়া | ১৬০০ | ৩.২০০ | ১১.৮৪০ | ০.০৪৮ | ০.০৩২ | ০.০৮০ | ১১.৯২০ |
| ৪৮ | চুয়াডাঙ্গা | ১০০০ | ২.০০০ | ৭.৪০০ | ০.০৩০ | ০.০২০ | ০.০৫০ | ৭.৪৫০ |
| ৪৯ | মেহেরপুর | ৮০০ | ১.৬০০ | ৫.৯২০ | ০.০২৪ | ০.০১৬ | ০.০৪০ | ৫.৯৬০ |
| ৫০ | খুলনা | ১১২০০ | ২২.৪০০ | ৮২.৮৮০ | ০.৩৩৬ | ০.২২৪ | ০.৫৬০ | ৮৩.৪৪০ |
| ৫১ | বাগেরহাট | ১৪৬০০ | ২৯.২০০ | ১০৮.০৪০ | ০.৪৩৮ | ০.২৯২ | ০.৭৩০ | ১০৮.৭৭০ |
| ৫২ | সাতক্ষীরা | ৬০০০ | ১২.০০০ | ৪৪.৪০০ | ০.১৮০ | ০.১২০ | ০.৩০০ | ৪৪.৭০০ |
| ৫৩ | নড়াইল | ৭০০০ | ১৪.০০০ | ৫১.৮০০ | ০.২১০ | ০.১৪০ | ০.৩৫০ | ৫২.১৫০ |
| ৫৪ | বরিশাল | ৭৪০০ | ১৪.৮০০ | ৫৪.৭৬০ | ০.২২২ | ০.১৪৮ | ০.৩৭০ | ৫৫.১৩০ |
| ৫৫ | পিরোজপুর | ৫০০০ | ১০.০০০ | ৩৭.০০০ | ০.১৫০ | ০.১০০ | ০.২৫০ | ৩৭.২৫০ |
| ৫৬ | ঝালকাঠি | ৬০০ | ১.২০০ | ৪.৪৪০ | ০.০১৮ | ০.০১২ | ০.০৩০ | ৪.৪৭০ |
| ৫৭ | পটুয়াখালী | ১০০০ | ২.০০০ | ৭.৪০০ | ০.০৩০ | ০.০২০ | ০.০৫০ | ৭.৪৫০ |
| ৫৮ | বরগুনা | ১০০০ | ২.০০০ | ৭.৪০০ | ০.০৩০ | ০.০২০ | ০.০৫০ | ৭.৪৫০ |
| ৫৯ | ভোলা | ৪০০০ | ৮.০০০ | ২৯.৬০০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ২৯.৮০০ |
| ৬০ | ফরিদপুর | ৮০০ | ১.৬০০ | ৫.৯২০ | ০.০২৪ | ০.০১৬ | ০.০৪০ | ৫.৯৬০ |
| ৬১ | মাদারীপুর | ২২০০ | ৪.৪০০ | ১৬.২৮০ | ০.০৬৬ | ০.০৪৪ | ০.১১০ | ১৬.৩৯০ |
| ৬২ | গোপালগঞ্জ | ১৬০০০ | ৩২.০০০ | ১১৮.৪০০ | ০.৪৮০ | ০.৩২০ | ০.৮০০ | ১১৯.২০০ |
| ৬৩ | রাজবাড়ী | ৮০০ | ১.৬০০ | ৫.৯২০ | ০.০২৪ | ০.০১৬ | ০.০৪০ | ৫.৯৬০ |
| ৬৪ | শরীয়তপুর | ৮০০ | ১.৬০০ | ৫.৯২০ | ০.০২৪ | ০.০১৬ | ০.০৪০ | ৫.৯৬০ |
| **মোট** | | **৩৬৪৪০০** | **৭২৮.৮০০** | **২৬৯৬.৫৬০** | **১০.৯৩২** | **৭.২৮৮** | **১৮.২২০** | **২৭১৪.৭৮০** |

০৪। কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০২৫ অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

২. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি লক্ষ্যমাত্রা নির্ধারণ করে উপজেলাওয়ারী বিভাজন করবেন। উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করবেন। কৃষি প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে কৃষক নির্বাচন, অগ্রাধিকার তালিকা প্রস্তুত ও অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির মাধ্যমে এই নীতিমালা অনুযায়ী বাস্তবায়িত হবে। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির তত্ত্বাবধানে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থ হতে সরকারি আদেশে বর্ণিত পদ্ধতি ও শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন;

৩. উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) প্রেরণ করবেন। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সমন্বিত প্রতিবেদন সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd/ moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৪. কর্মসূচি প্রাপ্তির পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি দ্রুততম সময়ে তালিকাভুক্ত কৃষকের মাঝে উপকরণ বিতরণ কার্যক্রম শুরু করবেন। কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

৫. পরিবহন খাতের অর্থ জেলা সদর হতে উপজেলার দূরত্ব অনুসারে ও বাস্তবতার নিরিখে জেলা কমিটি উপজেলাওয়ারী বিভাজনপূর্বক উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করবেন;

৬. এ কর্মসূচির আওতায় অগ্রাধিকার তালিকাভুক্ত একটি কৃষক পরিবার প্রতি বিঘার জন্য ২.০ কেজি বোরো হাইব্রিড ধান বীজ সহায়তা পাবেন। ১ জন উপকারভোগী কৃষককে কেবল মাত্র ১ বিঘা জমির জন্য উপকরণ সহায়তা প্রদান করা যাবে। কর্মসূচির উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে;

৭. এ কর্মসূচির আওতায় সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষাপূর্বক মানসম্পন্ন প্রয়োজনীয় বোরো ধানের হাইব্রিড বীজ জেলাওয়ারী বিভাজন অনুযায়ী বিএডিসি'র নিকট হতে ক্রয় করতে হবে। বিএডিসি কর্তৃক প্রয়োজনীয় পরিমাণ বীজ সরবরাহ করতে না পারলে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা'র অনুমোদন নিয়ে হেক্টর প্রতি ৫.০০ টনের (চালে) বেশী ফলনশীল এলাকা উপযোগী ও সন্তোষ জনক অঙ্কুরোদগম পরীক্ষা পূর্বক মান সম্পন্ন হাইব্রিড জাতের বীজ প্রতিষ্ঠিত বেসরকারি প্রতিষ্ঠান/ আমদানিকারক/বীজ ডিলারের নিকট হতে নির্ধারিত মূল্যে ক্রয় করতে হবে;

৮. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনো ভাবেই বিলম্বে গ্রহণ যোগ্য হবে না;

৯. এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য বীজ গুনগত মানসম্পন্ন উন্নত জাতের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা ও উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাঙ্ক্ষিত মানের হতে হবে। কাঙ্ক্ষিত মানের না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

১০. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ০১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন এবং এর ০১ (এক) কপি ৬১ টি জেলার জেলা প্রশাসক ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং ৩ (তিন) টি পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে। এছাড়া, উপকারভোগী কৃষকের তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১১. কর্মসূচির ফসল কর্তন শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন **ই-মেইল যোগে** admonitoring@dae.gov.bd/ ddimplement@dae.gov.bd এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন;

১২. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত হবে, কোনোভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক **ই-মেইল** যোগে (ddmonitoring@yahoo.com) প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ৬১ টি জেলার জেলা প্রশাসক ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং ৩ (তিন) টি পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে।

১৩. **২০২৫-২৬ অর্থবছরের প্রণোদনা/পুনর্বাসন কর্মসূচির অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে;**

১৪. **বীজ ও আনুষঙ্গিক ব্যয় বাবদ অর্থ বিতরণ সংক্রান্ত সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে;**

১৫. **এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে নিশ্চিত করতে হবে; এবং**

১৬. **প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক (সরকারি ই-মেইলের (E-mail- admonitoring@dae.gov.bd ও ddmonitoring@yahoo.com) মাধ্যমে প্রেরণ করা হলে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)**

জেলার নাম:
উপজেলার নাম:
ইউনিয়ন/ পৌরসভার নাম :
গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং:

| ক্রঃ নং | কৃষকের নাম | পিতা ও মাতার নাম | কৃষকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত বীজ সহায়তার বিবরণ | ফসল উৎপাদন পর্যন্ত উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | | | বীজের নাম ও জাত-<br>বীজের পরিমাণ- | |

৩০/১০/২৫

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-moa.input2@gmail.com

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. চেয়ারম্যান, জেলা পরিষদ (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি) ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।
২. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৬১ জেলা)।

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০১৫.২১.৩৬৬

তারিখ : ১৪ কার্তিক ১৪৩২ / ৩০ অক্টোবর ২০২৫

**অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**
৮. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)।**
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১২. মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি)।
১৩. উপসচিব, সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৫. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৬৪ জেলা)।
১৭. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা) **(শর্ত মোতাবেক যথাসময়ে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)** ।
১৮. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৯. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে ব্যয় সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের অনুরোধসহ)।**
২০. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
২১. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫০/১০/২৫

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব